



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/২৯

তারিখ

২৬ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
০৯ জানুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬২৩ তম কমিশন সভা অদ্য ০৯/০১/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন অদ্যকার সভায় বে-মেয়াদী ক্রিডেন্স ফার্স্ট শরিয়াহ ইউনিট ফান্ড এর খসড়া প্রসপেক্টাসের অনুমোদন প্রদান করেছে। মিউচুয়াল ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ১ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ৯ কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা ও সম্পদ ব্যবস্থাপক ক্রিডেন্স এ্যাসেট ম্যানেজমেন্ট কোঃ লিঃ। এছাড়া ফান্ডটির ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ।
২. ঢাকা ডাইং এন্ড ম্যানুফ্যাকচারিং কোঃ লিঃ (ইস্যুয়ার) তাদের রাইট অফার ডকুমেন্টস এ জুলাই ০১, ২০১৫ থেকে সেপ্টেম্বর ৩০, ২০১৫ সময়ের নিরীক্ষিত ত্রৈমাসিক হিসাব বিবরণী যথাযথভাবে IAS (IAS1) না মেনে দাখিল করে। যাতে বিভিন্ন বিষয়ে নিরীক্ষকেরও কোয়ালিফাইড ওপিনিয়ন ছিল।

উক্ত কার্যাবলীর মাধ্যমে ঢাকা ডাইং এন্ড ম্যানুফ্যাকচারিং কোঃ লিঃ, Securities and Exchange Commission (Rights Issue) Rules, 2006 এর Rule 3(e) এর লঙ্গন করেছে এবং ইস্যু ম্যানেজার সিটিজেন সিকিউরিটিজ এন্ড ইনভেস্টমেন্ট লিঃ ও বিএমএসএল ইনভেস্টমেন্ট লিঃ Securities and Exchange Commission (Rights Issue) Rules, 2006 এর Rule 3(e) এবং Rule 5(1) এর লঙ্গন করেছে। উল্লেখ্য যে, কমিশন ইতোপূর্বে ঢাকা ডাইং এন্ড ম্যানুফ্যাকচারিং কোঃ লিঃ এর রাইট অফার এর প্রস্তাব প্রত্যাখ্যান করেছে।

উক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন ইস্যুয়ার ঢাকা ডাইং এন্ড ম্যানুফ্যাকচারিং কোঃ লিঃ এবং উক্ত কোম্পানীর ইস্যু ম্যানেজার সিটিজেন সিকিউরিটিজ এন্ড ইনভেস্টমেন্ট লিঃ ও বিএমএসএল ইনভেস্টমেন্ট লিঃ -কে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. এম সিকিউরিটিজ লিঃ (ডিএসই ট্রেক নং ৪৪) -এ ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ কর্তৃক পরিচালিত পরিদর্শন রিপোর্টে নিম্নে বর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :

- (ক) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customer Account) এ ঘটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A(1), (2), 3(IA); সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১; দ্বিতীয় তফসিল এর আচরণ বিধি ১ ও ৬ লংঘন;
- (খ) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর আচরণবিধি ১ এর লংঘন;
- (গ) ক্যাশ হিসাবে মার্জিন ঋণ সুবিধা প্রদান করার মাধ্যমে Margin Rules, 1999 এর Section 3(1) & (2) এর লংঘন;
- (ঘ) পর্যাপ্ত ব্যালেন্স না থাকা সত্ত্বেও কর্মচারীর আত্মীয়দের অর্থ প্রদান করার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা ২০০০ এর বিধি ১১ এবং দ্বিতীয় তফসিল এর আচরণবিধি ১ ভঙ্গ করেছে।



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


- (ঙ) “Z” ক্যাটাগরির শেয়ারে বিনিয়োগকারীকে ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRCD/2001-43/169 dated 01/10/2009 এবং Margin Rules, 1999 এর Rule 3(12)(d) লংঘন।
- (চ) হিসাব খোলার ফরম যথাযথভাবে পূরণ ছাড়াই সংরক্ষণ করার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1) (ccc) এবং CDBL Bye Laws 7.3.3 (b) লংঘন;

উক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন এম সিকিউরিটিজ লিঃ -কে ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

8. ড্রাগন সোয়েটার এন্ড স্পিনিং লিমিটেড (ইস্যুয়ার)- এর বিশেষ নিরীক্ষক কর্তৃক কমিশনে দাখিলকৃত বিশেষ নিরীক্ষা প্রতিবেদনে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :

- ক) মোট আইপিও ফান্ড এর ৫৩.৬২% নগদ ব্যয় করেছে এবং তা খরচ হিসাবে আর্থিক বিবরণীতে প্রদর্শন না করার মাধ্যমে আইপিও এর সম্মতি পত্র নং- SEC/CI/IPO-181/2012/621, তারিখঃ 15/12/2015 এর Part C এর প্যারা ৭ এর লংঘন;
- খ) বুকস অব একাউন্টস সঠিকভাবে সংরক্ষণ না করায় তাদের আর্থিক বিবরণীতে সঠিক ও যথাযথ তথ্য প্রতিফলিত না হওয়ার মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 এর লংঘন;
- গ) প্রসপেক্টাসে উল্লেখিত ঘোষণা মোতাবেক যন্ত্রপাতি ক্রয় না করায়, যথাসময়ে প্রকল্প বাস্তবায়ন না করায়, errors of omission/commission of Accounting entries এর মাধ্যমে আইপিও এর সম্মতি পত্র নং- SEC/CI/IPO-181/2012/621, তারিখঃ 15/12/2015 এর Part C এর প্যারা ৮ এর লংঘন;

উক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন ড্রাগন সোয়েটার এন্ড স্পিনিং লিমিটেড -কে ৩০ (ত্রিশ) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


০২/০২/২০১৬
মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।